



শ্রেষ্ঠ অদম্য নারী সম্মাননায় ভূষিত খালেদা জিয়া, পুরস্কার নিলেন জাইমা রহমান



সংগৃহীত ছবি

গণতন্ত্রের পথে অবদানের স্বীকৃতি হিসেবে ‘শ্রেষ্ঠ অদম্য নারী’ সম্মাননা পেয়েছেন সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া। তার পক্ষে সম্মাননা গ্রহণ করেন নাতনি ব্যারিস্টার জাইমা রহমান।

রোববার (৮ মার্চ) আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তন—এ আয়োজিত ‘অদম্য নারী পুরস্কার ২০২৬’ অনুষ্ঠানে এই সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

প্রতিবছরের মতো এবারও বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য ছয়জন নারীকে সম্মানিত করা হয়েছে। গণতন্ত্রে বিশেষ অবদানের জন্য সম্মাননা পান খালেদা জিয়া। অর্থনৈতিক ক্ষেত্রে সাফল্যের জন্য পুরস্কৃত হন নুরুন নাহার আক্তার। শিক্ষা ও চাকরি ক্ষেত্রে কৃতিত্বের স্বীকৃতি পান মোছা. ববিতা খাতুন। সফল জননী হিসেবে সম্মাননা পান নুরবানু কবীর। নির্যাতনের ভয়াবহতা পেরিয়ে জীবনসংগ্রামে জয়ী নারী হিসেবে স্বীকৃতি পান মোছা. শমলা বেগম। সমাজ উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদানের জন্য সম্মানিত হন মোছা. আফরোজা ইয়াসমিন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তারেক রহমান—এর সহধর্মিণী ডা. জুবাইদা রহমান। বক্তব্যে তিনি বলেন, নানা প্রতিকূলতা ও নিপীড়নের মধ্যেও খালেদা জিয়া অদম্য সাহস ও দৃঢ়তা ধরে রেখেছেন।

তিনি আরও বলেন, নারীদের সাহস, প্রজ্ঞা ও নেতৃত্বই জাতিকে এগিয়ে নেয়। সমতা, মর্যাদা ও ন্যায়ভিত্তিক সমাজ গঠনে রাষ্ট্রের প্রতিটি স্তরে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করা জরুরি। নারীরা এগোলে দেশও এগিয়ে যায়।

ডা. জুবাইদা রহমান আশা প্রকাশ করে বলেন, বাংলাদেশ এমন এক দেশে পরিণত হবে যেখানে সব নারী নিরাপদ ও সম্মানজনক জীবন যাপন করবেন। নারী দিবস হোক সাম্য, ন্যায্যতা ও ন্যায়বিচার প্রতিষ্ঠার অঙ্গীকারের দিন।